

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(সিটি কর্পোরেশন-১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৫২.১৪.৮৩০

তারিখঃ ১৬ ডায় ১৪২২  
৩১ আগস্ট ২০১৫

বিষয়ঃ কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণে করণীয় নির্ধারণে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণে করণীয় নির্ধারণে গত ২৭ আগস্ট ২০১৫ তারিখে এ বিভাগের সচিব জনাব আবদুল মালেক এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক্রমিক নং	সিদ্ধান্তসমূহ
(১)	কোরবানীর পশু নির্দিষ্ট স্থানে জবেহকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করবে। এলক্ষ্যে ব্যাপক প্রচারণা চালাতে হবে, জনসম্পৃক্ততা বাড়াতে হবে এবং মসজিদ ভিত্তিক প্রচারণা করতে হবে।
(২)	ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ইমামগণের মাধ্যমে সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবেহ করার বিষয়ে সবাইকে উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৩)	কোরবানীর পশু জবেহকরণের স্থান এমনভাবে নির্ধারণ করতে হবে যেখানে সহজে কোরবানীর পশু নিয়ে আসা যায়। পশু কোরবানীর পরে পরিত্যক্ত বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় যান যন্ত্রাদি প্রস্তুত রাখতে হবে। ২৪ ঘণ্টার মধ্যে স্থানটি পরিষ্কার পরিচ্ছন্ন করে পূর্বের ন্যায় ব্যবহার উপযোগী করে দিতে হবে।
(৪)	কোরবানীর পশু জবেহকরণের প্রতিটি স্থানের জন্য সিটি কর্পোরেশনের স্থানীয় কাউন্সিলরের নেতৃত্বে ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে।
(৫)	পবিত্র ঈদের তিন দিন পূর্ব হতে মাইকের মাধ্যমে এলাকা ভিত্তিক প্রচারণা চালাতে হবে। প্রতিটি হাটেও এ প্রচারণা চালাতে হবে। এর পাশাপাশি এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ধর্মীয় ব্যক্তিবৃন্দের নিয়ে উদ্বুদ্ধকরণ সভা করতে হবে। ইসলামিক ফাউন্ডেশন হতে প্রচারণার বক্তব্য অনুমোদন করিয়ে নিতে হবে। জনসাধারণের সহজবোধ্য ভাষায় প্রচারণা করতে হবে।
(৬)	মহাসড়ক, সড়ক ও রেলপথে পশুর হাট যাতে না বসানো হয় তার জন্য ব্যবস্থা করতে হবে।
(৭)	কোরবানীর পশু নির্দিষ্ট স্থানে জবেহকরণের গৃহীত সকল কার্যক্রমের অগ্রগতি আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

০২। সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হল। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ খলিলুর রহমান)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৩৬২৫

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ পরিবেশ ও বন মন্ত্রণালয়/ ধর্ম মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ রেলপথ মন্ত্রণালয়।  
০৩। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।  
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... সিটি কর্পোরেশন (সকল)।  
০৫। জেলা প্রশাসক, ..... (সকল জেলা)।  
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ..... উপজেলা (সকল উপজেলা)।  
০৭। মেয়র/ প্রশাসক, ..... পৌরসভা (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।  
০৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।